

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫৭০  
আগরতলা, ১৬ মে, ২০২৬

জিবিপি হাসপাতালে সুপার স্পেশালিটি ব্লকে শিশু হৃদরোগের বহির্বিভাগ চালু



আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের সুপার স্পেশালিটি ব্লকে আজ শিশু হৃদরোগ বিষয়ের বহির্বিভাগ(পেডিয়াট্রিক কার্ডিওলজি ওপিডি) পরিষেবার আনুষ্ঠানিক উদ্বোধন করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে।

এই নতুন পরিষেবা চালুর মাধ্যমে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের অধীনে শিশু সুপার স্পেশালিটি স্বাস্থ্য পরিষেবাকে আরও সুসংহত ও শক্তিশালী করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হয়। রাজ্যের শিশুদের উন্নত হৃদরোগ নির্ণয় ও চিকিৎসা পরিষেবা প্রদানের লক্ষ্যে এই বহির্বিভাগ কার্যকর ভূমিকা পালন করবে।

উল্লেখ্য, শিশু হৃদরোগ বহির্বিভাগে প্রতি (খোলা)শনিবারে পরিষেবা প্রদান করা হবে। আজকের উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য সচিবের পাশাপাশি উপস্থিত ছিলেন আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডাঃ তপন মজুমদার, মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ও এইচ.ও.ডি ডাঃ বিধান গোস্বামী, ডেপুটি মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ কনক চৌধুরী, কার্ডিওলোজিস্ট ডাঃ এ.এস. ত্রিবেদী ও ডাঃ রাকেশ দাস সহ হাসপাতালের বিভিন্ন বিভাগের এইচ.ও.ডি এবং ফ্যাকাল্টি সদস্যরা। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে শিশু হৃদরোগ বহির্বিভাগের সূচনা রাজ্যের স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে এক উল্লেখযোগ্য মাইলফলক হিসেবে বিবেচিত হবে। এটি রাজ্যের শিশুদের জন্য সমন্বিত ও আধুনিক হৃদরোগ চিকিৎসা পরিষেবা প্রদানের প্রতি সরকারের অঙ্গীকারেরই প্রতিফলন। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালের মেডিকেল সুপার এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছেন।

\*\*\*\*\*